অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হারিকেনের ক্ষয়ক্ষতির কারণে নিউ ইয়র্ক স্টেটের সম্ভাব্য ইন্ট্রাভেনাস ফ্লুইড সঙ্কটের সাড়াদান সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করলেন

স্টেটের স্বাস্থ্য বিভাগটি হাসপাতাল, দীর্ঘমেয়াদি যত্ন প্রদানকারী এবং এজেন্সি এবং জরুরি মেডিকেল সেবার জন্য নির্দেশনা প্রদান করেছেন

কর্মকর্তারা অতি জরুরি IV ফ্লুইডের চাহিদা সনাক্ত করতে প্রদানকারীদের সরবরাহের দশা যাচাই করছে

গভর্নর ক্যাথি হোকল আজকে হারিকেন হেলেনের ক্ষতির পরবর্তীতে নিউ ইয়র্ক স্টেটে ইন্ট্রাভেনাস ফ্লুইডের সরবরাহে সম্ভাব্য বিঘ্নের ব্যাপারে স্টেটের সাড়াদান সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করেছেন। যদিও বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে IV ফ্লুইডের কোনো আনুষ্ঠানিক ঘাটতি নেই, তবে বর্তমান বা ভবিষ্যতের যেকোনো বিঘ্নের প্রভাব মূল্যায়ন করার জন্য ফেডারেল কর্মকর্তা এবং স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তাদের সাথে স্টেট সক্রিয়ভাবে সমন্বয় করছে। পরিস্থিতির বিকাশের সাথে সাথে স্থানীয় চাহিদার ভিত্তিতে ফেডারেল সরকারের জোগাড় করা IV (intravenous, IV) ফ্লুইডের অতিরিক্ত সরবরাহ পাওয়ার জন্য স্টেট প্রস্তুত আছে। পাশাপাশি, হারিকেন মিল্টনের প্রভাবের ফলে কোনো অতিরিক্ত সমস্যা হওয়ার সম্ভাবনার জন্য স্টেট এই পরিস্থিতির নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে।

"নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুস্থতা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং আমাদের স্টেটে IV ফ্লুইডের সরবরাহ আমি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের মেডিকেল সরবরাহের চাহিদা যাতে পূরণ করা হয় তা নিশ্চিত করার জন্য ফেডারেল সরকার, স্থানীয় কাউন্টিসমূহ এবং পুরো স্টেটের স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিগুলির সাথে আমাদের প্রশাসন কাজ করবে।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "সম্ভাব্য এই দেশব্যাপী IV ফ্লুইডের সঙ্কটের মধ্যে ফ্যাসিলিটিগুলি যাতে অত্যাবশ্যকীয়, জীবন রক্ষাকারী সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে স্টেটের স্বাস্থ্য বিভাগ কঠোর পরিশ্রম করছে। এই নির্দেশনা জারি করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে যতক্ষণ পর্যন্ত সরবরাহ চেইন স্থিতিশীল না হচ্ছে ততক্ষণ IV ফ্লুইডের বর্তমান সরবরাহ সবথেকে গুরুতর রোগীদের জন্য উপলভ্য করা হয়।"

IV ফ্লুইডের সরবরাহ চেইনের বর্তমান বিঘ্নের কারণ হলো হারিকেন হেলেনের অবশিষ্টাংশ, যা নর্থ ক্যারোলিনার ম্যারিয়নের ব্যাক্সটার প্ল্যান্টকে বন্ধ করতে বাধ্য করেছে। নিজেদের ইনভেন্টরির ব্যবস্থাপনা করতে এবং সরবরাহের বিঘ্ন সর্বনিম্ন করতে ব্যাক্সটার ফেডারেল সরকারের সাথে কাজ করছে এবং তাদের প্রস্তুতকরণ কর্মকাণ্ড সম্পূর্ণভাবে পুনঃস্থাপনের কাজ চলছে। ব্যাক্সটার নিউ ইয়র্ক স্টেটসহ মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যবহৃত প্রায় 60 শতাংশের বেশি IV ফ্লুইডের সরবরাহ করে থাকে।

হারিকেন হেলেনের ক্ষয়ক্ষতির ফলাফল হিসেবে ইন্ট্রাভেনাস ফ্লুইডের শিপমেন্টের সীমাবদ্ধতার একটি বহুমুখী সাড়াদানের অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগটি 9 অক্টোবর, 2024 তারিখে স্টেটব্যাপী স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্য একটি নির্দেশনা প্রদান করেছে। হাসপাতাল এবং ডায়াগনস্টিক এবং চিকিৎসা কেন্দ্র, যার মধ্যে অ্যাম্বুলেটরি সার্জারি কেন্দ্র এবং শেষ পর্যায়ের রেনাল ব্যাধির ফ্যাসিলিটি এবং ক্লিনিক রয়েছে ; দীর্ঘমেয়াদি সেবার ফ্যাসিলিটি যার মধ্যে নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবার ফ্যাসিলিটি এবং হোম কেয়ার ও হস্পিস প্রদানকারী রয়েছে; এবং জরুরি মেডিকেল সেবাসমূহের কাছে নির্দেশনা প্রদান করা হয়েছে।

যদিও এই সময়ে নিউ ইয়র্ক স্টেটে কোনো আনুষ্ঠানিক ঘাটতি নেই, এই সত্তাগুলিকে IV ফ্লুইড সংরক্ষণ করার জন্য সক্রিয় কৌশল গ্রহণ করতে আহ্বান করা হচ্ছে যাতে কার্যকরভাবে ও দক্ষভাবে উপলভ্য মজুতের ব্যবহার নিশ্চিত করা যায়।

নির্দেশনা প্রদান করার পাশাপাশি, স্টেটের স্বাস্থ্য বিভাগ প্রদানকারীদের সরবরাহের দশা মূল্যায়ন করা এবং অতি জরুরি চাহিদা সনাক্ত করার জন্য প্রদানকারীদের থেকে তথ্য সংগ্রহ করছে।

এছাড়াও পরিস্থিতির পূর্ণাঙ্গ চিত্র দেখতে পারা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য সেবা ফ্যাসিলিটিসমূহের প্রতিনিধিত্ব করা সংগঠনসমূহের সাথেও স্টেটের স্বাস্থ্য বিভাগ সমন্বয় করছে। এর পাশাপাশি, এই পরিস্থিতির সাড়াদান করার জন্য বিভাগটি এর ঘটনা কমান্ড ব্যবস্থা বাস্তবায়ন করেছে যা ত্বরান্বিত সাড়াদান এবং সমন্বয় কর্মকাণ্ড সম্পাদন সম্ভব করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন